

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের সঙ্গে কর্মচারীদের সংঘর্ষে আহত ৮

রংপুর স্মারো

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের সঙ্গে কর্মকর্তা-কর্মচারীদের সংঘর্ষে ৮ জন আহত হয়েছে। এদের মধ্যে ৪ জনকে গুরুতর অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ভর্তি পরীক্ষার দাবিতে স্মারকলিপি দেয়ার ঘটনাকে কেন্দ্র করে সোমবার গুই ঘটনা ঘটে বলে ছাত্রলীগ দাবি করেছে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, প্রথম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষা দ্রুত নেয়ার দাবিতে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার নেতাকর্মীরা সাধারণ ছাত্রদের নিয়ে সোমবার নীলদল ও প্রগতিশীল শিক্ষক সমাজ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে স্মারকলিপি দেন। এরপর তারা ভারপ্রাপ্ত রেজিস্টার মোর্শেদ-উল-আশমকে স্মারকলিপি দিতে ভিসির বাসভবনে যান। সেখানে ভারপ্রাপ্ত রেজিস্টারকে স্মারকলিপি প্রদান করেন। এ সময় সেখানে থাকা কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে ছাত্রলীগের কথাকাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষ বাধে। এতে কর্মচারীদের মধ্যে রেজাউল করিম শাহ, মাহবুবুর রহমান, মো. পারভেজ, ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার সহসভাপতি সোলেমান হাসান খান, সমাজকল্যাণ সম্পাদক শাওন আহমেদ শুভসহ ১০ জন আহত হন। এদের মধ্যে রেজাউল করিম শাহ, মাহবুবুর রহমান ও সোলেমানকে

রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে মাহবুবুর রহমান সাংবাদিকদের জানান, কোনো কারণ ছাড়াই ছাত্রলীগ আমাদের ওপর হামলা চালিয়েছে। এ ঘটনায় তারা দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন। তিনি বলেন, মঙ্গলবার শিক্ষক সমিতির নির্বাচনকে কেন্দ্র করে ক্যাম্পাসকে অস্থিতিশীল করতেই তারা এমন ঘটনা ঘটিয়েছে।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান জানান, রেজিস্টারকে স্মারকলিপি দিতে গেলে কর্মকর্তা-কর্মচারীরা আমাদের ওপর হামলা চালায়। তারা বহিরাগত সন্ত্রাসীদের নিয়ে এসে আমাদের নেতাকর্মীদের মারপিট করে কোনো কারণ ছাড়াই। প্রকৃতপক্ষে যেসব শিক্ষক-কর্মচারী বিশ্ববিদ্যালয়কে জিম্মি করে আন্দোলনের নামে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা বন্ধ করে দিয়েছে তারা এই ঘটনা ঘটিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অস্থিতি সৃষ্টি করতে চায়।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় ফাঁড়ির ইনচার্জ শফিকুল ইসলাম জানান, ছাত্রলীগের সঙ্গে কর্মকর্তা-কর্মচারীদের কথা কাটাকাটির এক পর্যায়ে কর্মকর্তাদের হয়ে বহিরাগতরা এসে ছাত্রলীগের ওপর হামলা চালায়। এ নিয়ে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। বর্তমানে ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক হয়েছে।